Lens Asia

৩ আগস্ট, ২০২৬

# পুলিশকে ডিমোরালাইজড করতেই অপপ্রচার: পুলিশ অ্যাসোসিয়েশন


ছবি: সংগৃহীত

সামাজিক যোগাযোগমাধ্যমে উদ্দেশ্যপ্রণোদিত প্রচারণার মাধ্যমে পুলিশ বাহিনীর ভাবমূর্তি ক্ষুণ্ন ও সদস্যদের মনোবল দুর্বল করার চেষ্টা করা হচ্ছে বলে অভিযোগ করেছে বাংলাদেশ পুলিশ অ্যাসোসিয়েশন। একই সঙ্গে এসব অপপ্রচারে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে সংগঠনটি।

সোমবার (৩ আগস্ট) বাংলাদেশ পুলিশ অ্যাসোসিয়েশনের সভাপতি কামরুল হাসান তালুকদার এবং সাধারণ সম্পাদক মনিরুল হক ডাবলু স্বাক্ষরিত এক বিবৃতিতে এ দাবি করা হয়।

বিবৃতিতে বলা হয়, সামাজিক যোগাযোগমাধ্যমে কিছু ব্যক্তি পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) থেকে শুরু করে রেঞ্জ ডিআইজি, জেলা পুলিশ সুপার, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ (ওসি) বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের বিরুদ্ধে ভিত্তিহীন তথ্য ছড়িয়ে তাদের বিগত সরকারের সহযোগী হিসেবে উপস্থাপনের চেষ্টা করছেন। যাচাই-বাছাই ছাড়া মনগড়া ও কাল্পনিক তথ্য প্রকাশ করে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিতর্কিত করার অপচেষ্টা চলছে। বিশেষ করে, নতুন কোনো কর্মকর্তা দায়িত্ব পাওয়ার পর তাকে ঘিরে এ ধরনের প্রচারণা আরও বেড়ে যায়।

LENS ASIA



বাংলাদেশ পুলিশ অ্যাসোসিয়েশন
Bangladesh Police Association
স্থাপিত: ১৯২০ খ্রি. রেজি নং-ঢ-০১৮৮৩
৬৯/২, নয়াপল্টন, ঢাকা-১২১৭। ফোন: ৯৩৬০০৬৬, email: bdpal1920@gmail.com

স্মারকনং: ০১/বিপিএ/২৬ তারিখ: ০৩/০৮/২০২৬ খ্রি

**বাংলাদেশ পুলিশ অ্যাসোসিয়েশনের বিবৃতি**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সামাজিক যোগাযোগমাধ্যমে কতিপয় ব্যক্তি বাংলাদেশ পুলিশের পুলিশ প্রধান থেকে শুরু করে রেঞ্জ ডিআইজি, জেলা পুলিশ সুপার, অফিসার ইনচার্জসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের বিরুদ্ধে বিগত সরকারের সহযোগী হিসেবে উপস্থাপনের চেষ্টা করছেন এবং যাচাই-বাছাইবিহীন, মনগড়া ও কাল্পনিক তথ্য প্রকাশ করে তাঁদের বিরুদ্ধে নেতিবাচক প্রচারণা চালাচ্ছেন। বিশেষ করে, কোনো পুলিশ কর্মকর্তার নতুন পদায়নের পরই তাঁকে লক্ষ্য করে অতিমাত্রায় এ ধরনের নেতিবাচক প্রচারণা চালোনো হচ্ছে।

বিশেষভাবে উদ্বেগের বিষয় হলো, কতিপয় ব্যক্তি নিজেদের সামাজিক যোগাযোগমাধ্যমভিত্তিক সক্রিয়কর্মী হিসেবে পরিচয় দিয়ে বিভিন্ন পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে জনমনে বিদ্বেষ সৃষ্টি ও তাঁদের ভাবমূর্তি প্রশ্নবিদ্ধ করার অপচেষ্টায় লিপ্ত রয়েছেন।

বাংলাদেশ পুলিশ অ্যাসোসিয়েশন স্পষ্টভাবে ব্যক্ত করছে যে, কোনো পুলিশ সদস্য অতীতে গুম, খুন, দমন-পীড়ন, নির্যাতন কিংবা অন্য কোনো অপরাধে জড়িত থাকলে প্রচলিত আইন অনুযায়ী নিরপেক্ষ তদন্তের মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তবে কেবল বিগত সরকারের আমলে চাকরি করার অজুহাতে পেশাদার, সৎ ও পরিচ্ছন্ন ভাবমূর্তির পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে উদ্দেশ্যপ্রণোদিত অপপ্রচার চালানো কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

অনুসন্ধানে দেখা যাচ্ছে যে, এসব অপপ্রচারের মূল উদ্দেশ্য হলো পুলিশ কর্মকর্তাদের মনোবল দুর্বল করা, সদ্যপদায়নপ্রাপ্ত কর্মকর্তাদের বিতর্কিত করা, সামগ্রিকভাবে পুলিশ বাহিনীকে ডিমোরালাইজড (Demoralized) করা, জনমনে পুলিশ বাহিনীকে প্রশ্নবিদ্ধ করা এবং সরকারের আইনশৃঙ্খলা রক্ষার সার্বিক প্রচেষ্টাকে বাধাগ্রস্ত করা।

বাংলাদেশ পুলিশ অ্যাসোসিয়েশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাচ্ছে যে, পুলিশ বাহিনীকে ডিমোরালাইজড করার উদ্দেশ্যে পরিচালিত মানহানিকর প্রচারণা, মিথ্যা তথ্য প্রচার এবং পেশাদার কর্মকর্তাদের মনোবল ভেঙে দেওয়ার এই অপচেষ্টায় জড়িত ব্যক্তিবর্গ ও তাদের সহযোগীদের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হোক। একই সঙ্গে পুলিশ বাহিনীর পেশাদারিত্ব রক্ষা ও সরকারের আইনশৃঙ্খলা রক্ষার প্রচেষ্টাকে জোরদার করতে সকল সচেতন নাগরিক, গণমাধ্যমকর্মী ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সর্বাত্মক সহযোগিতা কামনা করা হচ্ছে।

(কামরুল হাসান তালুকদার)
সভাপতি
বাংলাদেশ পুলিশ এসোসিয়েশন

(মনিরুল হক ডাবলু)
সাধারণ সম্পাদক
বাংলাদেশ পুলিশ এসোসিয়েশন

সংগঠনটি বলেছে, কোনো পুলিশ সদস্য অতীতে গুম, হত্যা, নির্যাতন, দমন-পীড়ন বা অন্য কোনো অপরাধে জড়িত থাকলে প্রচলিত আইন অনুযায়ী নিরপেক্ষ তদন্তের মাধ্যমে ব্যবস্থা নেওয়া হচ্ছে। তবে কেবল পূর্ববর্তী সরকারের সময়ে দায়িত্ব পালন করেছেন—এমন অজুহাতে সৎ ও পেশাদার কর্মকর্তাদের বিরুদ্ধে অপপ্রচার চালানো গ্রহণযোগ্য নয়।

বিবৃতিতে আরও বলা হয়, এ ধরনের প্রচারণার লক্ষ্য হচ্ছে পুলিশ সদস্যদের মনোবল ভেঙে দেওয়া, নতুন পদায়ন পাওয়া কর্মকর্তাদের বিতর্কিত করা, বাহিনীর প্রতি জনআস্থা নষ্ট করা এবং সরকারের আইনশৃঙ্খলা রক্ষার কার্যক্রমকে বাধাগ্রস্ত করা।

এসব কর্মকাণ্ডে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়ে বাংলাদেশ পুলিশ অ্যাসোসিয়েশন পুলিশ বাহিনীর পেশাদারিত্ব বজায় রাখতে এবং আইনশৃঙ্খলা রক্ষায় সবার সহযোগিতা কামনা করেছে।

LENS ASIA